# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৬৬

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৬৫. তায়াম্মুম করা

## بَابُ التَّيمُّمِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْعَلَاءِ حَدَّثَنَا أَبُو أُسَامَةَ حَدَّثَنَا عَوْفٌ حَدَّثَنِي أَبُو رَجَاءٍ الْعُطَارِدِيُّ عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ قَالَ كُنَّا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي سَفَرٍ ثُمَّ نَزَلَ فَدَعَا بِوَضُوءٍ فَتَوَضَّأَ ثُمَّ نُودِيَ بِالصَّلَاةِ فَصَلَّى بِالنَّاسِ فَلَمَّا انْفَتَلَ مِنْ صَلَاتِهِ إِذَا هُوَ بِرَجُلٍ مُعْتَزِلٍ لَمْ يُصَلِّ فِي الْقَوْمِ فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا مَنَعَكَ يَا فُلَانُ أَنْ تُصَلِّيَ فِي الْقَوْمِ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ أَصَابَتْنِي جَنَابَةٌ وَلَا مَاءَ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَيْكَ بِالصَّعِيدِ فَإِنَّهُ يَكْفِيكَ

إسناده صحيح

বাংলা

৭৬৬. ’ইমরান ইবনু হুসাইন রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, আমরা এক সফরে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে ছিলাম। এরপর (পথিমধ্যে) তিনি অবতরণ করলেন এবং ওযুর পানি চাইলেন অতঃপর ওযু করলেন। অতঃপর সালাতের জন্য আহবান করা হলে তিনি লোকদেরকে নিয়ে সালাত আদায় করলেন। এরপর যখন তিনি সালাত (শেষ করে পিছনে) ঘুরলেন, তখন দেখলেন এক ব্যক্তি লোকদের সাথে সালাত আদায় না করে বিচ্ছিন্ন হয়ে একাকী দাঁড়িয়ে আছে। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে বললেন: “হে অমুক! কিসে তোমাকে লোকদের সাথে সালাত আদায়ে বাধা দিল? তখন সে বললো, ইয়া রাসূলুল্লাহ! আমার উপর জানাবাতের কারণে গোসল ফরয হয়েছে, কিন্তু পানি নেই। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে বললেন: “মাটি ব্যবহার করো (তায়াম্মুম করো)। আর এটাই তোমার জন্য যথেষ্ট।”[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: সহীহ বুখারী ৩৪৪; সহীহ মুসলিম ৬৮২; আমরা এর পূর্ণ তাখরীজ করেছি সহীহ ইবনু হিব্বান নং ১৩০১, ১৩০২, ১৪৬১; এটি আরও বর্ণনা করেছেন: ইবনুল জারুদ, আল মুনতাকা নং ১২২; বাইহাকী, দালাইলুন নবুওয়াত ৪/২৭৭-২৭৮।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=76143

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন